সোনালী ব্যাংক পিএলসি
স্থানীয় কার্যালয়, ঢাকা
সাধারণ ঋণ বিভাগ-২

## অর্থ ঋণ আদালত-২০০৩ এর ৩৩ (৫) এর বিধান মতে নিলাম দরপত্র বিজ্ঞপ্তি।

সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, সোনালী ব্যাংক ভবন , ৩৫-৪২ এবং ৪৪ মতিঝিল বানিজ্যিক এলাকা, জেলা-ঢাকা-১০০০ এবং উহার একটি শাখা, সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, মতিঝিল বানিজ্যিক এলাকা , ঢাকা- ১০০০।

----------বাদী/ ডিক্রিদার পক্ষ

বনাম

১। জনাব এস এম মনুচেহ্‌র ইকবাল, পিতা- মৃত আলহাজ্ব আব্দুর রশিদ সিকদার, স্বত্ত্বাধিকারী-মেসার্স ইশামনি ট্রেড লিংকস, সাং- দক্ষিণ সাধারচর, পোঃ- সাধারচর, ওয়ার্ড নং-৭, থানা-শিবপুর,জেলা-নরসিংদী। বর্তমান সাংঃ ১৯ নিউ ইস্কাটন (৩য় তলা), (সাবেক বড় মগবাজার) ঢাকা।

২। ইশরাক জাহান ইশামনি (জামিনদাতা), পিতা-এস এম মনুচেহ্‌র ইকবাল, মাতা-কাজী মিনারা সুলতানা, সাং-দক্ষিণ সাধারচর, পোঃ- সাধারচর, ওয়ার্ড নং-৭, থানা-শিবপুর, জেলা-নরসিংদী।

----------দায়িক পক্ষ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মাননীয় জজ, অর্থঋণ আদালত নং-১, ঢাকা এর অর্থজারী মোকদ্দমায় ১ ও ২ নং দায়িকগণের নিকট ৩০.০৬.২০২২ ইং পর্যন্ত ব্যাংক পাওনা ২,১০,২৪,৫৫৫/- (দুই কোটি দশ লক্ষ চব্বিলশ হাজার পাঁচশত পঞ্চান্ন) টাকা এবং তৎপরবর্তী আদায়কালতক সুদ ও অন্যান্য ব্যাংক পাওনা আদায়ের নিমিত্ত অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকার অনুকূলে ভোগ দখল ও বিক্রয়ের অধিকার ন্যস্ত করে বিজ্ঞ আদালত কর্তৃক ইস্যুকৃত সনদমূলে অধিকার প্রাপ্ত নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি যে অবস্থায় আছে সেই অবস্থায় বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল:

(ক) জেলা-ঢাকা,থানা ও সাব রেজিস্ট্রি অফিস- ডেমরা, জেএল নং-সিএস-৩১৪, এসএ-১৩৯, আরএস-৩২, ঢাকা সিটি জরিপ-১৮, মৌজা-শুন্যাস্থিত খতিয়ান নং- সিএস-১৬৭, এসএ-২৭৪, আরএস-৭৬, ঢাকা সিটি জরিপ-১২৩৩, নামজারী খতিয়ান নং-২৯৫৫, দাগ নং- সিএস ও এসএ-৫০২, আরএস-৯৫৮, ঢাকা সিটি জরিপ-১৭৩৩, জমির পরিমাণ ৭.৫০ শতাংশ। যাহা হাজী গফুর ল্যান্ডস ডেভেলপারস লিঃ এর "আমুলিয়া মডেল টাউন" প্রকল্পের নিজস্ব লে-আউট প্ল্যানের ব্লক নং ডি-, রোড নং-এন-০২, প্লট- ডি-৪৪। মালিক-এস এম মনুচেহ্‌র ইকবাল।

জমির চৌহদ্দিঃ উত্তরে- প্লট নম্বর-৪৩, দক্ষিনে-রাস্তা,পূর্বে- রাস্তা, পশ্চিমে- প্লট নম্বর-৪২।

(খ) জেলা-নরসিংদী, থানা ও সাব রেজিস্ট্রি- শিবপুর, মৌজা-সৈয়দেরখোলা, জেএল নং- সিএস-৩৯, আরএস-৩৮, খতিয়ান নং- সিএস-১০৬, এসএ-১৪৬, আরএস-২৮৫, নামজারী খতিয়ান নং-৩৪০, জোত নং-৫৪৬। দাগ নং- সাবেক-সিএস ও এস-৯৪, আরএস-২২৩, জমির পরিমাণ ৬২.০০ শতাংশের কাতে পূর্বাংশে ৩১.০০ শতাংশ হইতে ০.১০৩৪ একর এ কাতে ৫.১৭ শতাংশ জমি। মালিক: ইশরাক জাহান ইশামনি।

জমির চৌহদ্দিঃ উত্তরে- এস এম মনুচেহ্‌র ইকবাল,দক্ষিনে- রাস্তা,পূর্বে- মনির সিকদার,পশ্চিমে- আলম সিকদার

(গ) জেলা-নরসিংদী, থানা ও সাব রেজিস্ট্রি- শিবপুর, মৌজা-সৈয়দেরখোলা, জেএল নং- সিএস-৩৯, আরএস-৩৮, খতিয়ান নং- সিএস-১০৬, এসএ-১৪৬, আরএস-২৮৫, নামজারী খতিয়ান নং-৫৩৫, দাগ নং-সিএস ও এস-৯৪, আরএস-২২৩, নাল জমি ৬২.০০ শতাংশের কাতে পূর্বাংশে ৩১.০০ শতাংশ হইতে ০.১০৩৪ একর এ কাতে ৫.১৭ শতাংশ জমি। মালিক: এস এম মনুচেহ্‌র ইকবাল।

জমির চৌহদ্দিঃ উত্তরে- আবদুল বারেক,দক্ষিনে- ইশরাক জাহান ইশামনি,পূর্বে- মনির সিকদার,পশ্চিমে- আলম সিকদার।

২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

শর্তাদিঃ

০১) **আগামী ৩০.০৪.২০২৪ তারিখ রোজ মঙ্গলবার নিলাম অনুষ্ঠিত হবে।** ঐদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, ঢাকায় (সংশ্লিষ্ট ডেপুটি জেনারেল ম্যানেজার এর চেম্বার) রক্ষিত টেন্ডার বক্সে নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ক্রেতাগণকে তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে নাম, পূর্ণ ঠিকানা, প্রদত্ত দর উল্লেখপূর্বক স্বাক্ষরযুক্ত দরপত্র সীলমোহরকৃত খামে জমা দিতে হবে এবং ঐদিনই বিকাল ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম,পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময় সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল:

| ক্র: নং | আর্নেষ্ট মানি / জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে। |
| খ) | উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে। |
| গ) | উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপক্ষো আধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে। |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মুল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০২ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবিত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলামকৃত কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) প্রতিষ্ঠানের নিকট সরকারী/ স্বায়ত্তসাশিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা (বিদ্যুৎ ও পানির বিল, পৌর কর এবং ভূমি কর ইত্যাদি) থাকিলে তাহা পরিশোধের দায়দায়িত্ব ক্রেতাকে বহন করিতে হইবে এবং এসব দায়-দায়িত্ব সোনালী ব্যাংক পিএলসি এর উপর বর্তাইবে না।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরৎ দেওয়া হইবে।

১১) নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগত বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(সত্য রঞ্জন সাহা)
ডেপুটি জেনারেল ম্যানেজার
(অতিরিক্ত দায়িত্বে)
ফোন: ০২-২২৩৩৮১৪৮২